

14 APR 2013
১২

চাবিতে কর্মরত কয়েকজন সাংবাদিকের উপর হামলার চেষ্টার দায়ে ছাত্রদলের ৬ জন বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত কয়েকজন সাংবাদিকের উপর হামলার চেষ্টা করেছে ছাত্রদলের একদল কর্মী। গত শুক্রবার রাতে এসএম হলের সামনে এ ঘটনা ঘটে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আমিরুল ইসলাম আলীম ও সাধারণ সম্পাদক হাসান মামুনের হস্তক্ষেপে হামলার মত অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়ানো সম্ভব হয়। এ ঘটনার সাথে জড়িত থাকার দায়ে এসএম হল শাখার সভাপতি ও সাধারণ সম্পাদককে শোকজ্ঞ এবং আরও ৬ কর্মকর্তাকে ছাত্রদল থেকে বহিষ্কার করা হয়েছে। এসএম হলের আবাসিক ছাত্র ও ইভিপিভেন্ট পত্রিকার ক্যাম্পাস প্রতিনিধি ইমামুল হক শামীমের নামে বরাদ্দকৃত ২৭ নম্বর রুমটি গত শুক্রবার সন্ধ্যায় দখল করতে আসে হলের ছাত্রদল কর্মী সাগর ও শামীম। হল নেতৃবৃন্দের মদদে কর্মীরা এ ঠকড়াপূর্ণ ঘটনা ঘটায় বলে অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ ও সদস্যরা ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা নেতৃবৃন্দসহ হলে যান এবং ঘটনার বিস্তারিত জানান। রাত ১১টার দিকে সাংবাদিকরা হল থেকে বেরিয়ে আসার সময় বেলাল নামে ছাত্রদলের এক কর্মী সাংবাদিকদের উদ্বেগ করে বলে, 'ব্রাকে মারকাট করে। উপস্থিত দুই সাংবাদিক এর প্রতিবাদ করলে বেলাল, সীতাল বাই ও সুমনসহ কতিপয় উদ্বেগল কর্মী সাংবাদিকদের উপর চড়াও হয় এবং হামলার চেষ্টা করে। এ সময় ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি আমিরুল ইসলাম আলীম, সাধারণ সম্পাদক হাসান মামুন এবং কেন্দ্রীয় পাঠাগার সম্পাদক এস এম মুনীর ছাত্রদল কর্মীদের হাত থেকে সাংবাদিকদের রক্ষা করেন। হল প্রভোঁটি এবং নেতৃবৃন্দের উপস্থিতিতে কর্মীদের এ ঠকড়াপূর্ণ আচরণে সকলেই হতরাক হয়ে যান। কয়েক দিন আগে এসএম হলে মাহমুদ নামে এক ছাত্রকে নির্দয়ভাবে প্রহার করে গভীর রাতে হল থেকে বের করে দেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি গত শুক্রবার রাতের ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং ছাত্রদল কেন্দ্রীয় সংসদের কাছে অভিযোগ করেছে।